

নিরাপদ
কর্মপরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা
২৩, ২৪ কারওয়ান বাজার, বিএফডিসি ভবন, ঢাকা-১২১৫
www.dife.gov.bd

এগিয়ে যাচ্ছে
বাংলাদেশ

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০২(১৫১-৫০০).১৭.১৪৭

তারিখ: ৪ কার্তিক ১৪২৪

১৯ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকায় কর্মরত শ্রম পরিদর্শক (সাধারণ), জনাব আবুল কালাম আজাদ-এর নামে বরাদ্দকৃত অত্র অধিদপ্তরের মোটর সাইকেল নং- ঢাকা মেট্রো-হ-৫৩-৮৫৬৯ গত ০৯/০৫/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে হারিয়েছে মর্মে উপমহাপরিদর্শক, ঢাকা কর্তৃক মহাপরিদর্শক বরাবর পত্র প্রেরণ করা হলে প্রধান কার্যালয়ের ২৫/০৫/২০১৬ তারিখের স:-৩/নি:-৭/৮২/মহা:৩৮৭ নং স্মারকে নামে বরাদ্দকৃত অত্র অধিদপ্তরের মোটর সাইকেল নং- ঢাকা মেট্রো-হ-৫৩-৮৫৬৯ গত ০৯/০৫/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে হারানোর ঘটনায় সরকারি সম্পদের রক্ষণাবেক্ষণে তিনি কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন করায় কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তা জানাতে জনাব আবুল কালাম আজাদ-কে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ৩০/০৫/২০১৬ তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন, কিন্তু সে জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি। পরবর্তীতে, আলোচ্য ঘটনায় সরকারি সম্পদের রক্ষণাবেক্ষণে তিনি কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন করেছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের শামিল ও শাস্তিযোগ্য অপরাধ বিবেচনা করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং- ০৮/২০১৬ রুজু করে অভিযোগনামার জবাব দাখিলসহ ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কী না- জানতে চাওয়া হয়।

১৬/০৭/২০১৬ তারিখে তিনি অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন এবং জবাবে তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ থেকে অব্যাহতি প্রদান ও ব্যক্তিগত শুনানির সুযোগ প্রার্থনা করেন। ৩০/০৩/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগনামায় আনিত অভিযোগ বিষয়ে তদন্ত আবশ্যিক প্রতীয়মান হওয়ায় অত্র অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক জনাব মো. আনোয়ার উল্লাহ-কে আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

আলোচ্য বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা তদন্তকরত: ২৬/০৯/২০১৭ তারিখে লিখিত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্তে মো. আবুল কালাম আজাদ, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক আনীত

অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি- মর্মে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, মো. আবুল কালাম আজাদ, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী আনিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায়, তাঁকে আনিত অসদাচরণের অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮

ইমেইল: chiefdife@gmail.com

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৩১.০০২(১৫১-৫০০).১৭.১৪৭/১(১২)

তারিখ: ৪ কার্তিক ১৪২৪
১৯ অক্টোবর ২০১৭

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) অতিরিক্ত মহাপরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শক এর অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্ম মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৫) উপ মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) উপ মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৮) উপমহাপরিদর্শক, ঢাকা
- ৯) উপ মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১০) সহকারী মহাপরিদর্শক (সাধারণ), হিসাব উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ১১) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও গণসংযোগ উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
- ১২) জনাব, ---



১৯-১০-২০১৭

মোঃ সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক